



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

২৩ মার্চ, ২০২০

মাননীয় সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক),  
পশ্চিমবঙ্গ সরকার,  
কাঁথি, পূর্ব মেদিনীপুর

**বিষয়ঃ সমুদ্রগামী মাছধরা নৌকাগুলির লাইসেন্স পুনর্নবীকরণের শেষ তারিখ পিছানোর আবেদন**

মাননীয় মহাশয়,

প্রতি বছরের মতো এ বছরও সামুদ্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ আইন মোতাবেক পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য বিভাগ কর্তৃক সব সমুদ্রগামী মাছধরা নৌকাগুলির মাছ ধরার লাইসেন্স পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে এবং ঐ লাইসেন্স পুনর্নবীকরণের শেষ তারিখ ৩১ মার্চ ২০২০ নির্ধারিত হয়েছে।

এ বছর করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এক অভূতপূর্ব পরিস্থিতি সৃষ্টি করেছে। মানুষ রোগাক্রান্ত এবং আতঙ্কিত। মহামারি আইন জারি হয়েছে। সরকারের তরফে নিতান্ত প্রয়োজন না হলে রাস্তাঘাটে বার হওয়া ও অফিস-কাচারিতে যাওয়া যতটা সম্ভব বন্ধ করার কথা বলা হয়েছে। বাস-ট্রেনের মত গণ-পরিবহণ অনেক কমিয়ে দেওয়া হয়েছে। স্কুল-কলেজ বন্ধ করা হয়েছে। সরকারি অফিসগুলি স্বল্প সংখ্যক কর্মচারী দিয়ে কম সময়ের জন্য খোলা রাখার নির্দেশ জারি হয়েছে।

এমতাবস্থায় আমরা সমুদ্রগামী মাছধরা নৌকাগুলির মাছ ধরার লাইসেন্স পুনর্নবীকরণের সময়সীমা সরকারের তরফ থেকে পুনরায় ঘোষণা করা পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে দেওয়ার অনুরোধ জানাচ্ছি। অবিলম্বে এই মর্মে সরকারি নির্দেশ জারি করে রাজ্যের সমুদ্রগামী মৎস্যজীবী সম্প্রদায়কে সুরক্ষিত ও নিশ্চিত করবেন এই আশা রাখি।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

মিলন দাস,

সাধারণ সম্পাদক, ডি. এম. এফ